



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.২১.০০১.১৮.১০৭

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: আইসিটি/কম্পিউটার ল্যাব নিয়মিত ব্যবহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ‘২০৪১ সনের মধ্যে স্মার্ট ও উন্নত বাংলাদেশ’ গঠনে মাদ্রাসা শিক্ষার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এখন থেকেই আধুনিক তথ্য ও প্রযুক্তির বিকাশের সাথে সামঞ্জস্য রেখে মাদ্রাসার শিক্ষার্থীদেরকে প্রায়োগিক শিক্ষা প্রদান করা জরুরি। ইতোমধ্যে সরকারি/বেসরকারি/স্থানীয় সহযোগিতায় অনেক মাদ্রাসায় আইসিটি ল্যাব/কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। শিক্ষার্থীদেরকে প্রায়োগিক শিক্ষার মাধ্যমে আইসিটি ও কম্পিউটার বিষয়ে দক্ষ হিসেবে গড়ে তুলতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে:

- (ক) আইসিটি শিক্ষকের তত্ত্বাবধানে মাদ্রাসার নিজস্ব ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ, সুপার/সহকারী সুপার, সকল স্তরের শিক্ষক, অফিস সহকারীগণকে কম্পিউটার ব্যবহারের বিষয়ক ১ (এক) দিনের হাতেকলমে প্রশিক্ষণ প্রদান করতে হবে;
- (খ) প্রত্যেক শিক্ষককে সপ্তাহে কমপক্ষে ২ (দুই)টি ক্লাশ আইসিটি বা কম্পিউটার ল্যাব ব্যবহার করে প্রায়োগিক শিক্ষা প্রদান করতে হবে;
- (গ) আইসিটি/কম্পিউটার ল্যাব নিয়মিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন ও ব্যবহার উপযোগী রাখতে হবে;
- (ঘ) আইসিটি/কম্পিউটার ল্যাবে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণসমূহ মাদ্রাসার নিজস্ব তহবিল থেকে যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে;

২। উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হল।

২০-০৭-২০২৩

হাবিবুর রহমান

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অধ্যক্ষ/সুপার, ..... (সকল বেসরকারি মাদ্রাসা)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.২১.০০১.১৮.১০৭/১ (১১)

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
২০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, (প্রশাসন ও অর্থ অনুবিভাগ)/(মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। বিভাগীয় কমিশনার, ..... (সকল);
- ৩। জেলা প্রশাসক, ..... (সকল);
- ৪। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর /সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা /সরকারি মাদ্রাসা-ই আলিয়া, সিলেট /সরকারি মোস্তফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া;
- ৫। সকল কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল);
- ৮। জেলা শিক্ষা অফিসার, ..... (সকল);
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ..... (সকল);
- ১০। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি, ..... (সকল মাদ্রাসা) এবং
- ১১। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



*Sulthan*

২০-০৭-২০২৩  
মোঃ সুলতান আহমেদ  
সহকারী পরিচালক